

২০২০-২১ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) প্রোগ্রামে ভর্তির বিজ্ঞপ্তি

ভর্তির পরীক্ষার ফলাফল/আবেদন ফরম nu.ac.bd/admissions ওয়েবসাইটে পাওয়া যাবে।

- ২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের রিলিজ স্লিপ মেধা তালিকার ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে।
- ১। রিলিজ স্লিপ মেধা তালিকায় স্থান প্রাপ্তদের অনলাইনে ভর্তি ফরম গ্রহণের তারিখ: ০৯/১১/২০২২ খ্রি. থেকে ১৯/১১/২০২২ খ্রি. পর্যন্ত
 - ২। কলেজের অফিস সংলগ্ন বেসিক ব্যাংক বুথের মাধ্যমে ভর্তির ফি জমা তারিখ : ১০/১১/২০২২খ্রি. থেকে ২০/১১/২০২২ খ্রি. পর্যন্ত।
 - ৩। কলেজের সংশ্লিষ্ট বিভাগে কাগজপত্র জমা দেওয়া : ১০/১১/২০২২খ্রি. থেকে ২০/১১/২০২২ খ্রি. পর্যন্ত।
 - ৪। ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ১৬/১০/২০২২ তারিখ থেকে শুরু হয়েছে।

ভর্তি ফি

সকল উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য	৪০৩৫/- টাকা
---------------------------------	-------------

প্রয়োজনীয় কাগজপত্র (২ সেট):

- ক) ওয়েবসাইট থেকে প্রিন্টকৃত ভর্তি ফরমে স্বাক্ষরসহ স্নাতক পাস ও মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত) /স্নাতক সম্মান পরীক্ষার নম্বরপত্র, প্রশংসাপত্র এবং রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি বিভাগে জমা দিতে হবে।
- খ) ভর্তি ফরমের শিক্ষার্থীর কপির মূল এবং কলেজ কপির মূলসহ ২টি ফটোকপি এবং টাকা পরিশোধের Payment Slip সংশ্লিষ্ট বিভাগে নিয়ে গিয়ে বিভাগ থেকে ক্লাস রোল সংগ্রহ করতে হবে। ক্লাস রোল সম্বলিত ভর্তি ফরমের শিক্ষার্থীর কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং কলেজ কপির মূলসহ ফটোকপি ২টি বিভাগে জমা দিতে হবে।
- গ) অনলাইন আবেদনের প্রিন্ট কপির নির্দিষ্ট স্থানে সদ্য তোলা পাসপোর্ট আকারের দুই কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।
- ঘ) শিক্ষার্থীর পরিচয়পত্র প্রস্তুত করার জন্য বিভাগ থেকে একটি তথ্য ফরম সরবরাহ করা হবে। উক্ত তথ্য ফরমটি সঠিকভাবে পূরণ করে এর সাথে শিক্ষার্থীর স্ট্যাম্প সাইজের ২ কপি রস্টিন ছবি (ছবির পেছনে শিক্ষার্থীর ক্লাস রোল লিখতে হবে) স্ট্যাম্পলার দ্বারা সংযুক্ত করে তৎক্ষণাত্ বিভাগে জমা দিতে হবে।
- ঙ) স্নাতক (সম্মান) পরীক্ষার নম্বরপত্র এবং ভর্তির আবেদনের মূল কপি(কলেজের অংশ) একটা A4 সাইজের খামে ভরে খামের ওপর শিক্ষার্থীর নাম, ক্লাস রোল, শিক্ষাবর্ষ- ২০২০- ২০২১ এবং মোবাইল নম্বর লিখে কলেজের সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।
- চ) সমতা নিরূপণ ও মাইগ্রেশন সনদের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

বিঃদ্রঃ ২০২০-২০২১ শিক্ষাবর্ষের মাস্টার্স (নিয়মিত)ভর্তির কার্যক্রমে মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী (নিয়মিত/প্রাইভেট) বর্তমানে অধ্যয়নরত অবস্থায় থাকলে তাকে অবশ্যই ১৭/১১/২০২২ তারিখের পূর্বে ভর্তি বাতিল করতে হবে। ভর্তির সময় অবশ্যই সংশ্লিষ্ট বিভাগকে সকল মূল কপির সাথে আবেদনপত্রে প্রদত্ত তথ্যাদি যাচাই করে দেখতে হবে। ভুল তথ্য প্রদান করলে আবেদনকারী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে।



প্রফেসর কার্তিক চন্দ্র মন্ডল(৬০৬৪)

অধ্যক্ষ

আযম খান সরকারি কমার্স কলেজ

খুলনা।